"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

খানসামা, দিনাজপুর।

www.dwa.khansama.dinajpur.gov.bd

# সিটিজেন চার্টার

১. ভিশন ও মিশন

ভিশন: জেন্ডার সমতা ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা ও সুরক্ষা।

মিশন: নারী ও শিশুর অধিকার প্রতিষ্ঠা এবং ক্ষমতায়নসহ উন্নয়নের মূল ধারায় নারীদের সম্পৃক্তকরণ।

২. প্রতিশ্রুত সেবাসমূহ

ক. নাগরিক সেবা :

নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আনয়নে মহিলা বিষয়ক অধিদপ্তর, রুপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষে সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (SDG) এবং পঞ্চম পঞ্চ বার্ষিকী পরিকল্পনার আলোকে নারী উন্নয়নে বিভিন্ন কার্যক্রম/কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করেছে। তারই প্রেক্ষাপটে মহিলা বিষয়ক অধিদপ্তর হতে প্রদেয় বিভিন্ন মেবা ও কর্মসূচি সমূহের বিবরণ :

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ফোন ও ইমেইল নম্বর |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিডব্লিউবি) কর্মসূচি | ভিডব্লিউবি কর্মসূচির আওতায় প্রতি ০২ (দুই) বছরে বা ২৪ মাস মেয়াদী ভিডব্লিউবি চক্রে দেশের সকল উপজেলায় নির্বাচিত অতি দরিদ্র মহিলাদেরকে খাদ্য সহায়তার পাশাপাশি নির্বাচিত এনজিওর মাধ্যমে জীবন দক্ষতার উন্নয়নমূলক প্রশিক্ষণ এবং টেকসই আয়বর্দ্ধক কর্মকান্ডের প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়। তারই আলোকে অত্র খানসামা উপজেলার ৬টি ইউনিয়নে মোট ২৬৫৯ জন উপকারভোগীকে চলমান অর্থবছরে খাদ্য সহায়তার পাশাপাশি প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | এতদ সংক্রান্ত যাবতীয় তথ্য উপজেলার সংশ্লিষ্ট ইউ.পি কার্যালয়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ও মহিলা বিষয়ক অধিদপ্তর সদর কার্যালয়, ঢাকা এর ওয়েব সাইটে পাওয়া যাবে। | উপকারভোগী মহিলা বাছাই/নির্বাচনের প্রাথমিক তালিকার ছক এবং তালিকার চূড়ান্ত ছক বিনামূল্যে প্রদান করা হয়। | ২৪ (চব্বিশ) মাস। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>খানসামা, দিনাজপুর।<br>ফোন নম্বর : ০২-৫৮৯৯২৯৬৭৯ (অফিস)<br>ই-মেইল : uwaokhansama@gmail.com |
| ২ | মা ও শিশু সহায়তা কর্মসূচি ভাতা প্রদান কর্মসূচি | মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি ৩ বছর বা ৩৬ মাস মেয়াদী চক্রে সকল উপজেলায় নির্বাচিত দরিদ্র গর্ভবতী মহিলাদের ভাতা প্রদান করা হয়। অন্তর্ভূক্তির সময় প্রতি মাসের ২০ তারিখের মধ্যে। নিয়মাবলী যে সকল মা ৪ থেকে ৬ মাসের গর্ভবতী তারা অনলাইনে আবেদন করতে পারবেন। অনলাইন আবেদন সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে করতে হবে। নির্বাচিত ভাতভোগীগণ তালিকা চূড়ান্তকরণের মাস হতে পরবর্তী মোট ৩৬ মাস মাসিক ৮০০ (আটশত) টাকা হারে ভাতা পাবেন। অত্র খানসামা উপজেলায় বর্তমানে ভাতাভোগীর সংখ্যা...... জন। | এতদ সংক্রান্ত যাবতীয় তথ্য উপজেলার সংশ্লিষ্ট ইউ.পি কার্যালয়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ও মহিলা বিষয়ক অধিদপ্তর সদর কার্যালয়, ঢাকা এর ওয়েব সাইটে পাওয়া যাবে। ভাতাভোগীদের ডাটাবেজ সংশ্লিষ্ট জেলা উপজেলা মহিল বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে সংরক্ষিত থাকে। | বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী কৃষকদের ন্যায় ১০/- টাকার ব্যাংক অথবা মোবাইল একাউন্ট (রকেট/বিকাশ/ নগদ ইত্যাদি) খোলার মাধ্যমে ভাতাভোগীর নিজস্ব একাউন্টে ভাতার অর্থ প্রদান করা হয়। | নির্বাচিত উপকারভোগী ১ম অথবা ২য় গর্ভধারণকালের যে কোন একবার মোট ৩বৎসর মেয়াদের জন্য মাসিক ৮০০/- টাকা হারে ভাতা ও প্রশিক্ষণ। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>খানসামা, দিনাজপুর।<br>ফোন নম্বর : ০২-৫৮৯৯২৯৬৭৯ (অফিস)<br>ই-মেইল : uwaokhansama@gmail.com |
| ৩ | মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম | বর্তমান নীতিমালা অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয় হতে বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে প্রাপ্ত বরাদ্দ জেলা/উপজেলায় প্রেরণ করা হয়। ৬৪ জেলার আওতাধীন ৪৩৭ টি উপজেলায় মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে নির্ধারিত ফরম পূরণপূর্বক উপকারভোগী নির্বাচন করে এককভাবে জনপ্রতি ১৫,০০০ (পনের হাজার) টাকা থেকে সর্বোচ্চ ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত ঋণ বিতরণ করা হয়। এ কর্মসূচির আওতায় অত্র খানাসাম উপজেলার বিভিন্ন ইউনিয়নে শুরু থেকে অদ্যবধি..... জনকে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়েছে। | ১। আবেদন ফরম।<br>২। ভোটার আইডি কার্ড এর ফটোকপি।<br>৩। পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি।<br>৪। ইউপি চেয়ারম্যান কর্তৃক স্থায়ী নাগরিকত্বের সনদপত্র।<br>৫। নন জুডিশিয়াল স্ট্যাম্প প্রাপ্তি স্থান জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | ১। আবেদন ফরম বিনামূল্যে বিতরণ করা হয়।<br>২। ৩ (তিন) কপি ছবি - ৫০/-<br>৩। নন জুডিশিয়াল স্ট্যাম্প - ৩০০/-<br>মোট মূল্যে - ৩৫০/- উপকারভোগী কর্তৃক পরিশোধিত। | প্রতি অর্থবছরে বরাদ্দপ্রাপ্তির সাপেক্ষে এবং ক্রমপুঞ্জিত/ঘূর্ণায়মান তহবিল হতে জেলা/উপজেলায় সুবিধাজনক সময়ে সর্বোচ্চ এক হতে তিন মাসের মধ্যে ঋণ বিতরণ করা হয়। তবে বন্যা বা প্রাকৃতিক দূর্যোগের কারনে ঋণ বিতরণ বিলম্বিত হতে পারে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>খানসামা, দিনাজপুর।<br>ফোন নম্বর : ০২-৫৮৯৯২৯৬৭৯ (অফিস)<br>ই-মেইল : uwaokhansama@gmail.com |
| ৪ | আইজিএ প্রশিক্ষণ কার্যক্রম | ৬৪ জেলার আওতাধীন ১৩৬ টি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় কর্তৃক পরিচালিত মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (ডব্লিউটিসি) হতে ১ টি ট্রেডে হতদরিদ্র সুবিধা বঞ্চিত (১৮-৪০) বছর মহিলাদের আয় বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হয়। এ কর্মসূচির আওতায় অত্র খানসামা উপজেলায় আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডে ৩০ জন প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রতি ৩৬ মাস অন্তর ৩০ জন করে বছরে ১২০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। | নির্ধারিত ফরমে আবেদন ও পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়। | প্রশিক্ষণে উপস্থিতির ভিত্তিতে জনপ্রতি দৈনিক ১০০ টাকা হারে প্রশিক্ষণার্থীদেরকে ভাতা প্রদান করা হয়। | ৩ (তিন) মাস। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>খানসামা, দিনাজপুর।<br>ফোন নম্বর : ০২-৫৮৯৯২৯৬৭৯ (অফিস)<br>ই-মেইল : uwaokhansama@gmail.com |
| ৫ | কিশোর-কিশোরী স্থাপন প্রকল্পের কার্যক্রম | ৬৪ জেলার আওতাধীন ৪২৬ টি উপজেলায় কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় প্রতি ইউনিয়নে ১ টি করে কিশোর-কিশোরী ক্লাব স্থাপন করা হয়েছে। এই প্রকল্পের আওতায় অত্র খানসামা উপজেলার ৬ টি ইউনিয়নে স্থাপিত কিশোর-কিশোরী ক্লাব সমূহের আওতায় ১৮০ জন কিশোর-কিশোরীকে ক্লাবে অন্তর্ভূক্ত করে আবৃত্তি, সঙ্গীত, ক্যারাটে সহ বিভিন্ন সাংস্কৃতিক, সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। | উপজেলা ক্লাব ম্যানেজমেন্ট কমিটির (সিএমসি) মাধ্যমে ক্লাবে কিশোর-কিশোরী সদস্য নির্বাচিত হয়। | প্রতি সপ্তাহে ২ দিন (শুক্রবার ও শনিবার) কিশোর কিশোরীদের পুষ্টিকর নাস্তা প্রদান করা হয়। | ১ (এক) বছর। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>খানসামা, দিনাজপুর।<br>ফোন নম্বর : ০২-৫৮৯৯২৯৬৭৯ (অফিস)<br>ই-মেইল : uwaokhansama@gmail.com |
| ৬ | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ | নির্যাতিত নারী ও শিশুদের আবেদনের প্রেক্ষিতে উভয় পক্ষে দাপ্তরিক নোটিশের মাধ্যমে শুনানি গ্রহণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। | সংশ্লিষ্ট উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | বিনামূল্যে | ন্যূনতম ৩মাস এর মধ্যে অভিযোগ নিস্পত্তির ব্যবস্থা নেয়া হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>খানসামা, দিনাজপুর।<br>ফোন নম্বর : ০২-৫৮৯৯২৯৬৭৯ (অফিস)<br>ই-মেইল : uwaokhansama@gmail.com |
| ৭ | স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধণ ও অনুদান প্রদান। | স্বেচ্ছাসেবী মহিলা সমিতির আবেদনের প্রেক্ষিতে সরজমিনে পরিদর্শন করে আবেদন উপ-পরিচালকের কার্যালয়ে প্রেরণ করা হয়। উপ-পরিচালক মহিল বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধণ করা হয়। এছাড়া নিবন্ধনকৃত সক্রিয় সমিতি সমূহকে আবেদনের প্রেক্ষিতে বছরে একবার অনুদান প্রদান করা হয়। সমিতি সমূহকে তাদের কাযক্রমের ভিত্তিতে ক, খ, গ ও ঘ শ্রেণিভূক্ত করা হয়। এবং বাৎসরিক এককালীন অনুদান প্রদান করা হয়। | সমিতি রেজিস্ট্রেশন ও অনুদানের আবেদন ফরম উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে পাওয়া যায়। | সমিতির রেজিস্ট্রেশন ফি ৫০০০/- টাকা এবং নবায়ন ফি ২০০০/- টাকা। | রেজিস্ট্রেশন এর কমপক্ষে ২ বছর পর হতে অনুদান প্রাপ্তির আবেদন করতে হয় (প্রতি বছর)। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>খানসামা, দিনাজপুর।<br>ফোন নম্বর : ০২-৫৮৯৯২৯৬৭৯ (অফিস)<br>ই-মেইল : uwaokhansama@gmail.com |